**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড**
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
**www.bkkb.gov.bd**

**বিষয় : বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ষান্মাসিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মুঃ মোহসিন চৌধুরী, মহাপরিচালক (সচিব) |
| স্থান | : | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সভাকক্ষ, ঢাকা |
| সময় | : | ২৬ জানুযারি, ২০২৩, দুপুর ১২.০০ টা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট – 'ক' তে দেখানো হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রামার জনাব আছফিয়া মেহবুবা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় কার্যালয়সমূহের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ষান্মাসিক অর্জন ও অর্জনসমূহ স্বমূল্যায়নপূর্বক প্রাপ্ত প্রতিবেদনসমূহ সভায় উপস্থাপন করেন।

সভায় বোর্ডের বিভাগীয় কার্যালয়সমূহের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন-৩ এর কার্যক্রমসমূহ ও সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রের (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) কার্যক্রমসমূহের ষান্মাসিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, কিছু কিছু কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে এবং সঠিক প্রমাণক পাওয়া গেছে। কিছু কিছু ক্ষেত্রে নিম্নরূপ ত্রুটি/বিচ্যুতি পরিলক্ষিত হয়েছে:

- "বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩" সম্পূর্ণরূপে অনুসরণ করে মূল্যায়ন করা হয়নি;
- দু'টি বিভাগের সেকশন-৩ এর ছকের সাথে প্রতিবেদনের ছকের ব্যত্যয় ঘটেছে;
- সেকশন-৩ এর কার্যক্রমের কিছু কিছু ক্ষেত্রে একক অনুযায়ী অর্জন প্রদান করা হয়নি;
- মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ অনুসারে কার্যক্রম মূল্যায়নে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সামারি সিট ও প্রয়োজনীয় প্রমাণক পাওয়া যায়নি এবং সামারি সিটের ফরম্যাট সঠিক নয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্ত:**

১. বোর্ডের বিভাগীয় কার্যালয়সমূহের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক/ষান্মাসিক/বার্ষিক প্রতিবেদন প্রণয়নে মন্ত্রিপরিষদ বিভাগের "বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩" পরিপূর্ণভাবে অনুসরণ করতে হবে;

২. ত্রৈমাসিক/ষান্মাসিক/বার্ষিক প্রতিবেদন প্রণয়নে কার্যক্রমের একক অনুযায়ী অর্জন, সংশ্লিষ্ট প্রমাণকসমূহ এবং প্রযোজ্য ক্ষেত্রে কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সামারি সিট দাখিল করতে হবে;

৩. বোর্ডের বিভাগীয় কার্যালয়সমূহের কর্মকর্তা/কর্মচারীগণকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বিভিন্ন প্রতিবেদন প্রণয়ন ও মূল্যায়ন কার্যক্রম বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
৩০/০১/২০২৩
(মুঃ মোহসিন চৌধুরী)
মহাপরিচালক (সচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

নং- ০৫.৮১.০০০০.০০৫.৩৩.০০৫.২২.৩৬ তারিখ: ৩০/০১/২০২৩

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. অতিরিক্ত মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।

২. পরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।

৩. পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়,ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর /ময়মনসিংহ।

৪. উপপরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।

৫. মহাপরিচালক এর একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা [মহাপরিচালক(সচিব) মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৬. সহকারী পরিচালক (প্রশাসন/কর্মসূচি/চিকিৎসা সেবা/কল্যাণ), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।

৭. সহকারী প্রোগ্রামার-১/ সহকারী প্রোগ্রামার-২, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।

৮. অফিস কপি।

৩০/০১/২০২৩

(আছফিয়া মেহবুবা)
প্রোগ্রামার
ফোনঃ ০২-২২২২২৬৮৩২